গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
উপজেলা কার্যালয়
ইন্দুরকানী, পিরোজপুর
www.doict.indurkani.pirojpur.gov.bd

স্মারক নং-৫৬.০৪.৭৯৯০.০০০.২৫.০২৮.২০-০৩৫ তারিখঃ ১৫ শ্রাবণ ১৪২৭ বঙ্গাব্দ
৩০ জুলাই ২০২০ খ্রিস্টাব্দ

বিষয়ঃ উপজেলা পর্যায়ের অফিস সমূহে কর্মকর্তা/ কর্মচারীদের দুই দিনব্যাপী ই-ফাইল (নথি) প্রশিক্ষণে অংশগ্রহণ প্রসঙ্গে।

সূত্র

১. তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের ২২/০৭/২০২০ তারিখের ৫৬.০৪.০০০০.০০৮.৪৩.০০১.১৮.৯৭০ স্মারক অনুসারে।
২. তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের ১৮/০৭/২০২০ তারিখের ৫৬.০৪.০০০০.০১০.২০.০০৩.১৯-১৮২০ স্মারক অনুসারে।
৩. মন্ত্রীপরিষদ বিভাগের ০৮/০৬/২০২০ তারিখের ০৪.০০.০০০০.৮৩১.২২.০০৩.১৭-৩১ স্মারক অনুসারে।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সরকারি সকল দপ্তরে তথ্য-প্রযুক্তি ব্যবহার করে সহজে এবং স্বল্প সময়ে গতিশীলতা আনয়নের পাশাপাশি স্বচ্ছতা এবং জবাবদিহিতা নিশ্চিত করার লক্ষ্যে আইসিটি বিভাগের একসেস টু ইনফরমেশন (এটুআই) প্রকল্পের আওতায় ই-ফাইল (নথি) সিস্টেম তৈরি করা হয়েছে। উপজেলা পর্যায়ে অফিসসমূহের কর্মকর্তা/কর্মচারীদের দাপ্তরিক কাজে ই-নথি ব্যবহারের জন্য উপজেলা প্রশাসন, ইন্দুরকানী এর সহযোগিতায় এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, ইন্দুরকানী এর ব্যবস্থাপনায় ও এটুআই প্রকল্পের কারিগরি সহায়তায় আগামী ০৫ ও ০৬ আগষ্ট ২০২০ খ্রি. বুধবার এবং বৃহস্পতিবার সকাল ৯.০০ ঘটিকা হতে বিকাল ৫.০০ ঘটিকা পর্যন্ত উপজেলা পরিষদ সভাকক্ষে উপজেলা নির্বাহী অফিসারের সভাপতিত্বে ই-ফাইল (নথি) বিষয়ে ০২(দুই) দিনব্যাপী প্রশিক্ষণের আয়োজন করা হয়েছে।

উক্ত প্রশিক্ষণে অংশগ্রহণের নিমিত্তে মনোনীত অফিসের (তালিকা সংযুক্ত) অফিস প্রধান অথবা কম্পিউটার পরিচালনায় পারদর্শী ব্যক্তি নির্ধারিত তারিখ যথাসময়ে ইন্টারনেট সংযোগ সহ একটি ল্যাপটপ নিয়ে উপজেলা পরিষদ সভাকক্ষে প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য অনুরোধ করা হলো। প্রশিক্ষণার্থীগণ বিধি মোতাবেক ভাতাদি প্রাপ্ত হবেন।

সংযুক্তিঃ প্রশিক্ষণে জন্য মনোনীত অফিসের তালিকা ০১ (এক) ফর্দ।

**বিঃদ্রঃ প্রশিক্ষণের জন্য ল্যাপটপ, ডাটা ব্যালেন্সসহ মডেম ও মাল্টিপ্লাগ সাথে আনা বাঞ্চনীয়। কোন অফিস প্রশিক্ষণের অংশগ্রহণ করতে অপারগ হলে অবশ্যই নিম্ন স্বাক্ষরকারীর দপ্তরে ০৩/০৮/২০২০ তারিখের মধ্যে অবহিত করবেন।**

30/7/2020

(চন্দন রায়)
সহকারী প্রোগ্রামার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
ইন্দুরকানী, পিরোজপুর
মোবাইল-০১৭৩১৯১২৫৫০/০৪৬২২৫৬০৫১
মেইল-reach2chandan@gmail.com

বিতরণ কার্যার্থেঃ

.........................................................................................

.........................................................................................

স্মারক নং-৫৬.০৪.৭৯৯০.০০০.২৫.০২৮.২০-০৩৫ তারিখঃ ১৫ শ্রাবণ ১৪২৭ বঙ্গাব্দ
৩০ জুলাই ২০২০ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।
২. উপ-পরিচালক (প্রশাসন), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।
৩. পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।
৪. জেলা প্রশাসক, পিরোজপুর।
৫. অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), পিরোজপুর।
৬. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ইন্দুরকানী, পিরোজপুর।
৭. উপজেলা নির্বাহী অফিসার, ইন্দুরকানী, পিরোজপুর।
৮. অফিস কপি/ মাষ্টার ফাইল।

(চন্দন রায়)
সহকারী প্রোগ্রামার
ইন্দুরকানী, পিরোজপুর

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
উপজেলা কার্যালয়
ইন্দুরকানী, পিরোজপুর
www.doict.indurkani.pirojpur.gov.bd

উপজেলা পর্যায়ের অফিস সমূহে কর্মকর্তা/ কর্মচারীদের দুই দিনব্যাপী ই-ফাইল (নথি) প্রশিক্ষণে মনোনীত অফিসের তালিকা।

| ক্রমিক নং | অফিস নাম |
|---|---|
| ১ | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় |
| ২ | উপজেলা ভূমি অফিস |
| ৩ | উপজেলা শিক্ষা অফিস |
| ৪ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস |
| ৫ | উপজেলা সমাজসেবা অফিস |
| ৬ | উপজেলা মহিলা বিষয়ক অফিস |
| ৭ | উপজেলা সমবায় অফিস |
| ৮ | উপজেলা পরিসংখ্যান অফিস |
| ৯ | উপজেলা পরিষদ |
| ১০ | উপজেলা রিসোর্স সেন্টার |
| ১১ | উপজেলা কৃষি অফিস |
| ১২ | উপজেলা মৎস্য অফিস |
| ১৩ | উপজেলা প্রাণিসম্পদ অফিস |
| ১৪ | উপজেলা পরিবার পরিকল্পনা অফিস |
| ১৫ | উপজেলা পল্লী উন্নয়ন অফিস |
| ১৬ | উপজেলা নির্বাচন অফিস |
| ১৭ | উপজেলা জনস্বাবস্থ্য প্রকৌশলী অফিস |
| ১৮ | উপজেলা প্রকৌশল অফিস (এলজিইডি) |

(চন্দন রায়)
সহকারী প্রোগ্রামার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
ইন্দুরকানী, পিরোজপুর
মোবাইল-০১৭৩১৯১২৫৫০/০৪৬২২৫৬০৫১
মেইল-reach2chandan@gmail.com

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
ই-গভর্নেন্স-১ অধিশাখা
www.cabinet.gov.bd

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৮৩১.২২.০০৩.১৭.৩১

তারিখ: ২৫ জ্যৈষ্ঠ ১৪২৭
০৮ জুন ২০২০

বিষয়: **ই-নথির মাধ্যমে দাপ্তরিক নথি কার্যক্রম সম্পন্ন করার বিশেষ নির্দেশনা।**

রূপকল্প ২০২১ তথা ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে মন্ত্রিপরিষদ বিভাগ এটুআই প্রোগ্রামের সহযোগিতায় সরকারি দপ্তরে (মাঠপর্যায় থেকে মন্ত্রণালয় পর্যন্ত) ই-নথি কার্যক্রম বাস্তবায়ন করছে। ২০২১ এর মধ্যে ডিজিটাল বাংলাদেশ বাস্তবায়নে ই-নথি'র ব্যবহার অত্যন্ত গুরুত্বপূর্ণ। তাছাড়া করোনা ভাইরাস বাহিত রোগ (COVID-19) মোকাবেলায় সরকার ঘোষিত সাধারণ ছুটিকালীন/সীমিত দাপ্তরিক কার্যক্রমের এর সময় ই-নথি উল্লেখযোগ্য ভূমিকা রেখেছে।

২। কোভিড-১৯ এর ন্যায় যে কোন পরিস্থিতিতে সরকারি কার্যক্রম চালু রাখার জন্য সকল দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন করার লক্ষ্যে ইলেক্ট্রনিক প্ল্যাটফর্মের ব্যবহার অত্যাবশ্যক। ই-নথিতে কাগজের সংস্পর্শ না থাকায় রোগ সংক্রমনের ঝুকিঁ হ্রাস করেছে।

৩। সচিবালয় নির্দেশমালা, ২০১৪ এর ১৫(১)(ক), ১৫(১)(গ), ১৫(৬) এবং ১৬ নম্বর নির্দেশনাসমূহে ই-নথি ব্যবহারের সুস্পষ্ট নির্দেশনা প্রদান করা হয়েছে। এছাড়া, প্রেক্ষিত পরিকল্পনা ২০১০-২০২১;জাতীয় শুদ্ধাচার কৌশল ২০১২;অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা নির্দেশিকা-২০১৫, জাতীয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি নীতিমালা-২০১৮-এ ই-নথি কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়নের নির্দেশনা রয়েছে। তাছাড়া বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতেও (এপিএ)ই-নথির ব্যবহারের বাধ্যবাধকতা রয়েছে। ফলে সকল সরকারি দপ্তরে ই-নথির ব্যবহার ত্বরান্বিত করা আবশ্যিক।

এমতাবস্থায়, আপনার কার্যালয়সহ আপনার দপ্তরের আওতাধীন বিভাগীয়, আঞ্চলিক, জেলা ও উপজেলা অফিসসমূহে বর্তমান পরিস্থিতিতে ই-নথি কার্যক্রম বেগবান করার লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করা হলো। উল্লেখ্য, মন্ত্রিপরিষদ বিভাগ থেকে বিষয়টি সার্বক্ষণিক পরিবীক্ষণ করা হচ্ছে।

৮-৬-২০২০
ড. দেওয়ান মুহাম্মদ হুমায়ূন কবীর
যুগ্মসচিব
ফোন: ৯৫১৩৩৩৯
ফ্যাক্স: ৯৫১৩৩০২
ইমেইল: js_eg@cabinet.gov.bd

বিতরণ :
১) মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
২) সিনিয়র সচিব/সচিব (সকল)